১০২

দৈনিক বাংলা

তারিখ 14 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ৩

# এলএলবি পরীক্ষার ফল চাই

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বশেস ল' ব্যাচ ১৯৯২ সালের এলএলবি ১ম পর্ব পরীক্ষা শেষ হয়েছে গত ৫ নবেম্বর '৯৪। কিন্তু দুঃখের বিষয় দীর্ঘ ছয়মাস পেরিয়ে গেল, অথচ আজও ফলাফল ঘোষণা করা হয়নি। অন্যদিকে আমাদের এক বছরের জুনিয়র ১৯৯৩ সনের পরীক্ষার্থীরা এবারই প্রথম জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে পরীক্ষায় অংশগ্রহণ করেছে ডিসে-ম্বর '৯৪তে। বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম, জুন মাসের মধ্যেই তাদের ফলাফল ঘোষণা হয়ে যাবে। ফলে, সেশনে এক বছর পূর্বের পরীক্ষার্থী হওয়া সত্ত্বেও ফলাফল প্রাপ্তিতে আমরা পিছিয়ে গেলাম। উল্লেখ্য, গত বছর ৯১ সনের ফলাফল ঘোষণাতে কর্তৃপক্ষ ১০ মাস সময় নেয়ায় আমাদের জুন মাসের নির্ধারিত পরীক্ষাটি অক্টোবর মাসে অনুষ্ঠিত হয়। সেজন্য এমনিতেই আমরা সেশনজট ও ভোগা-ন্তির শিকার হই। বর্তমানে আবারও ফলাফল ঘোষণায় দীর্ঘসূত্রিতার কারণে শেষপর্বে ভর্তি ও পরীক্ষায় অংশগ্রহণ ইত্যাদি বিষয় নিয়ে চরম হতাশা বোধ করছি।

তাই এ ব্যাপারে আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভিসি, পরীক্ষা-নিয়ন্ত্রক ও ডীন মহোদয়ের আশু দৃষ্টি আকর্ষণ করছি এবং যথাশীঘ্র সম্ভব ফলাফল ঘোষণা করে পরীক্ষার্থীদের অনিশ্চয়তামুক্ত করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

**সিকান্দর, আরিফ, রকিব, শরীফ, সাম্মী**
১৯৯২ সনের এলএলবি (প্রিলি) পরীক্ষার্থীবৃন্দ
ঢাকা ল' কলেজ, ঢাকা